৩৪

দৈনিক ইত্তেফাক

তারিখ 2 ৯ APR 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

এস এস সি

# ধর্ম পরীক্ষার দিনে বহিষ্কৃত পাঁচশত

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (বুধবার) ১৯৯৩ সালের এস, এস, সি ইসলাম ধর্ম ও হিন্দু ধর্ম পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে পাঁচশত পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। কুমিল্লার চান্দিনা কেন্দ্রে একটি অপ্রীতিকর ঘটনা ছাড়া সারাদেশে মোটামুটি শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। চান্দিনা কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের সময় কর্তব্যরত ম্যাজিস্ট্রেট ২৪ জন পরীক্ষার্থীকে গ্রেফতার করে। এই সময় একদল উচ্ছৃঙ্খল যুবক ম্যাজিস্ট্রেটের গাড়ি ভাঙ্গচুর করে। রাজশাহী বোর্ডে সর্বাধিক সংখ্যক পরীক্ষার্থী (২৪৮ জন) বহিষ্কার হইয়াছে। এই বোর্ডে গতকাল ২৫০ জন পরীক্ষার্থী পরীক্ষা দেয় নাই। ধারণা করা হইতেছে অংক পরীক্ষা খারাপ হওয়ার কারণে তাহারা পরীক্ষা না দেওয়ার সিদ্ধান্ত নিয়াছে। ঢাকা শিক্ষা বোর্ডে বহিষ্কারের সংখ্যা ১৩৫। গতকালও গাজীপুর জেলা প্রশাসকের দপ্তর শিক্ষা বোর্ডের কন্ট্রোলরুমে কোন তথ্য পাঠায় নাই। কুমিল্লা বোর্ডে বহিষ্কারের সংখ্যা ৮৬। যশোর শিক্ষা বোর্ডে বহিষ্কারের সঠিক সংখ্যা জানা যায় নাই। বোর্ডের একজন কর্মচারী জানান, অধিকাংশ জেলার তথ্য কেন্দ্র হইতে কোন তথ্য বোর্ডে সরবরাহ করা হয় নাই।